

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৬

বিশ্বামগঞ্জ, ৩ জুন, ২০২৪

সাংবাদিক সম্মেলনে সিপাহীজলা জেলা নির্বাচন আধিকারিক

ভোট গণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সমস্ত ধরণের প্রস্তুতি নেওয়া হয়েছে

সিপাহীজলা জেলায়ও আগামীকাল সকাল ৮টা থেকে লোকসভা নির্বাচনের ভোট গণনার কাজ শুরু হচ্ছে। জেলায় ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সমস্ত ধরণের প্রস্তুতি নেওয়া হয়েছে। আজ সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহৃতার কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক নাগেশ কুমার বি একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গণনা কেন্দ্রগুলিতে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়া গণনা কেন্দ্রগুলির ১০০ মিটার এলাকায় ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ১৪৪ ধারায় কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। তিনি জানান, জেলার জন্ম্পুইজলা, সোনামুড়া ও বিশালগড় মহকুমায় ভোট গণনার জন্য গণনা কেন্দ্র রয়েছে। বিশালগড় মহকুমার মহকুমা শাসক কার্যালয়ে ১৫-কমলাসাগর, ১৬- বিশালগড়, ও ১৯-চড়িলাম (এসটি) বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা করা হবে। জন্ম্পুইজলা মহকুমা শাসক কার্যালয়ে ১২-টাকারজলা (এসটি) ও ১৭-গোলাঘাটি (এসটি) বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা করা হবে। সাংবাদিক সম্মেলনে জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহৃতা জয়ন্ত দে-ও উপস্থিত ছিলেন।
